

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৯১/২০১৪

তারিখঃ ২৮/১২/২০১৪খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

১৪ পৌষ, ১৪২১বাংলা

জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৩.১২.০০.১৪/৭৫৫(২৫), তারিখ- ১১/১২/২০১৪ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

নথি নং-০৮.০১.০০০০.৫৩.১২.০০.১৪/৭৫৫(২৫)

তারিখঃ ১১/১২/২০১৪ ইং

বিষয় : **ASYCUDA World এর Inspection Act এ যথাযথ তথ্য সন্নিবেশন বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি বাণিজ্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক রীতি-নীতি অনুসরণ করে বাংলাদেশ কাস্টমস কর্তৃক আন্তর্জাতিক মানের বুকিং ব্যবস্থাপনা প্রবর্তনের উদ্যোগে গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বুকিং ব্যবস্থাপনা ও পোস্ট ক্লিয়ারেন্স অডিট ইউনিট গঠিত হয়েছে এবং এসমস্ত ইউনিটের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রশিক্ষণ চলাকালে দেখা যাচ্ছে আমদানি-রপ্তানি কার্যক্রমে প্রাপ্ত বিভিন্ন অনিয়ম যথা; মিথ্যা ঘোষণা, সংশ্লিষ্ট আইনের লঙ্ঘন ইত্যাদির তথ্য ASYCUDA World এর Inspection Act এ যথাযথভাবে সন্নিবেশ করা হচ্ছে না। এতে বুকিং নিরূপণ এবং তা ব্যবস্থাপনার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।

০২। বর্ণিতব্যবস্থায়, আমদানি-রপ্তানি কার্যক্রম সংশ্লিষ্ট বুকিং নিরূপণ ও ব্যবস্থাপনা এবং Supply chain security নিশ্চিত করার লক্ষ্যে আমদানি-রপ্তানি কার্যক্রমে উদঘাটিত বিভিন্ন অনিয়মের তথ্য সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে ASYCUDA World এর Inspection Act এ যথাযথভাবে সন্নিবেশ এই আদেশ জারীর তারিখ হতে বাধ্যতামূলক করা হলো। এ লক্ষ্যে সকল কাস্টম হাউস/স্টেশন সমূহকে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) যে সকল বিল অব এন্ট্রি/এক্সপোর্ট কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত হবে সে সকল ক্ষেত্রে Assessment এর দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা Inspection Act এর নির্ধারিত স্থানে কায়িক পরীক্ষায় কি ধরনের বিষয়গুলো পরীক্ষার সময় গুরুত্ব দিতে হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন।

(খ) পণ্য পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সে অনুযায়ী পণ্যের বিস্তারিত পরীক্ষা সম্পন্ন করে এর ফলাফল Inspection Act এর নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট Code এর বিপরীতে লিপিবদ্ধ করবেন। এ বিষয়ে প্রাথমিকভাবে ASYCUDA team এর কারিগরী কর্মকর্তাদের সহায়তা নেয়া যেতে পারে।

০৩। উপরোক্ত বিষয়ে কমিশনারসহ উর্দ্ধতন কর্মকর্তাগণ অধঃস্তন কর্মকর্তাদের প্রশিক্ষণ দিবেন/আলোচনা করে বুঝিয়ে দিবেন। তাছাড়া অন্ততঃ তিন মাস সময় অধঃস্তনদের এ কাজ পরিবীক্ষণ করবেন।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মুঃ রইচ উদ্দিন খান)

দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি)

ই-মেইলঃ raichkhan@mail.com

পৃষ্ঠা নং- ১০১